DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 22 Nov 2026, 07:06 PM

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় শব্দদূষণ নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট, জরিমানা ৪ হাজার ৫০০ টাকা

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি ঢাকা প্রোব

ব্রাহ্মণবাড়িয়ায় শব্দদূষণ নিয়ন্ত্রণে কুমিল্লা-সিলেট মহাসড়কের জেলার অংশে অভিযান পরিচালনা করেছে জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তর।

সোমবার (১৭ আগস্ট) যৌথভাবে এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে অনুমোদিত মাত্রার অতিরিক্ত শব্দ উৎপন্ন এবং হাইড্রোলিক হর্ন ব্যবহার করায় তিনটি পরিবহনের বিরুদ্ধে তিনটি মামলা করা হয়। এসব মামলায় মোট ৪ হাজার ৫০০ টাকা জরিমানা ধার্য করে তাৎক্ষণিকভাবে আদায় করা হয়। একই সঙ্গে যানবাহনগুলো থেকে পাঁচটি হাইড্রোলিক হর্ন জব্দ করে বিনষ্ট করা হয়েছে।

এ ছাড়া শব্দদূষণ নিয়ন্ত্রণে জনসচেতনতা বাড়াতে প্রায় ১০টি বাস, ট্রাক ও অটোরিকশায় শব্দদূষণ নিয়ন্ত্রণসংক্রান্ত স্টিকার লাগানো হয়।

অভিযানে জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট রোমানা আক্তার দায়িত্ব পালন করেন। পরিবেশ অধিদপ্তরের পরিদর্শক মো. রাখিবুল হাসান প্রসিকিউশন পরিচালনা করেন। এ সময় বাংলাদেশ পুলিশের সদস্যরা অভিযানে সহযোগিতা করেন।

পরিবেশ অধিদপ্তরের পরিদর্শক মো. রাখিবুল হাসান বলেন, শব্দদূষণ নিয়ন্ত্রণে এ ধরনের অভিযান ও কার্যক্রম নিয়মিতভাবে অব্যাহত থাকবে।

এ বিভাগের আরও খবর



ব্রাহ্মণবাড়িয়ায় ট্রাকের চাপায় অটোরিকশার যাত্রী নিহত
ব্রাহ্মণবাড়িয়ার কুমিল্লা-সিলেট মহাসড়কে ট্রাকের ধাক্কায় অটোরিকশা থেকে ছিটকে পড়ে প্রাণ হারিয়েছেন মো. আরাফাত মোল্লা (১৯) নামের এক যুবক। ট্রাকের...



টানা বৃষ্টিতে বিপর্যস্ত ঝালকাঠির জনজীবন, দুর্ভোগে শ্রমজীবী মানুষ
টানা তিন থেকে চার দিনের বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ঝালকাঠি পৌর শহরের স্বাভাবিক জীবনযাত্রা। একটানা বৃষ্টিতে শহরের বিভিন্ন নিচু এলাকা ও সড়কে...



দুপুরের মধ্যে ঢাকাসহ ১২ জেলায় ঝড়-বৃষ্টির পূর্বাভাস
ঢাকাসহ দেশের ১২ জেলায় দুপুর ১টার মধ্যে ঝড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ সময় ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে...



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১

ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-shbddushn-niyntrne-mobail-kort-jrimana-4-hajar-500-taka